

কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি
বারখাদা, কুষ্টিয়া।

টেলিফোনঃ অফিস - ০৭১-৬২৩৩২
বাসা - ০৭১-৬২০৮৬
ফ্যাক্স নং - ০৭১-৭১৬৬৭
ই-মেইল নং-kuspbs@gmail.com

স্মারক নং-২৭.১২.৫০৭৯.৫১৯.০১.০০৮.২০.২০১৩

তারিখ- ১২/০১/২০২০ইং

আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি

কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রার্থীদের নিকট হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম : মিটার মেকানিক কাম সুপারভাইজার

আবেদন করার নিয়মাবলীঃ


প্রার্থীকে A4 সাইজের কাগজে স্বহস্তে লিখিত আবেদনপত্রের সাথে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, চাকুরীতে নিয়মিতকরণসহ বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি, প্রশিক্ষণে উত্তীর্ণ হওয়ার ফলাফল শীট, বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি, সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি এজিএম(প্রশাসন/এইচআর কর্তৃক সত্যায়িত হতে হবে) সংযোজন পূর্বক জেনারেল ম্যানেজার প্রদত্ত সুপারিশ ও অনাআপত্তির সনদপত্র সহ আগামী ১৮/০১/২০২০খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ১০-০০ ঘটিকায় কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি, বারখাদা, কুষ্টিয়ায় স্ব-শরীরে উপস্থিত হতে হবে।

শর্তাবলীঃ

- ০১। অত্র সমিতির ভৌগলিক এলাকা অর্থাৎ (কুষ্টিয়া সদর, কুমারখালী, মিরপুর, দৌলতপুর, ভেড়ামারা, ইসলামী বিশ্ববিদ্যালয় ও খোকসা উপজেলার স্থায়ী ভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০২। অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী অথবা রক্তের সম্পর্কীয়দের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৩। ৩০০-৫১ মোতাবেক নির্ধারিত সকল প্রশিক্ষণ কোর্সে কৃতকার্য হতে হবে।
- ০৪। আবেদনকারী প্রার্থীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, বিগত ০৫ বছরের ভিতর পদাবনতি প্রাপ্ত নন, সর্বশেষ ০৩ বছরে কোন গুরুদণ্ড প্রাপ্ত নন, সর্বশেষ ০১ বছরে কোন লঘুদণ্ড প্রাপ্ত নন, বিগত ০৫ বছরের ভিতর কোন গুরুদণ্ড অথবা লঘুদণ্ড নাই, বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীট প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- ০৫। শৃংখলা জনিত কারণে শাস্তি ভোগ করেছেন(০৫ বছরের ভিতর পদাবনতি প্রাপ্ত, সর্বশেষ ৩ বছরে কোন গুরুদণ্ড প্রাপ্ত, সর্বশেষ ১ বছরে কোন লঘুদণ্ড প্রাপ্ত, বিগত ৫ বছরের ভিতর একর অধিকবার গুরুদণ্ড অথবা লঘুদণ্ড প্রাপ্ত)/ বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান রয়েছে অথবা চার্জশীট প্রক্রিয়াধীন রয়েছে এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।


H-80

- ০৬। তথ্য গোপন করিয়া যদি কেহ নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকেই চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৭। যে কোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ০৮। নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৯। শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হবে।


(মোঃ হারুন-অর-রশিদ)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)।

- ১। পরিচালক, মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩
- ৪। ডেপুটি জেনারেল ম্যানেজার, কারিগরী/দৌলতপুর/মিরপুর/কুমারখালী/ভেড়ামারা জো/অ, কুষ্টিয়া পবিস।
- ৫। এজিএম(ওএন্ডএম), স্বস্তিপুর/খোকসা সাব জো/অ, কুষ্টিয়া পবিস।
- ৬। এজিএম(অর্থ-হিসাব/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস), কুষ্টিয়া পবিস।
- ৭। নোটিশ বোর্ড, কুষ্টিয়া পবিস।


(মোঃ হারুন-অর-রশিদ)
জেনারেল ম্যানেজার
